

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।  
[www.pangsa.rajbari.gov.bd](http://www.pangsa.rajbari.gov.bd)

পাংশা উপজেলার সেপ্টেম্বর/২০২১ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: মোহাম্মাদ আলী  
উপজেলা নির্বাহী অফিসার  
পাংশা, রাজবাড়ী।

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ  
পাংশা, রাজবাড়ী।

তারিখ: ২৩.০৯.২০২১ খ্রিস্টাব্দ। সময়: বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিতি: রেজিস্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর প্রধান উপদেষ্টা জনাব বীর মুক্তিযোদ্ধা মো: জিল্লুল হাকিম স্বাগত বক্তব্য প্রদান করেন। অতঃপর সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃষ্টীকরণ করা হয় এবং আগস্ট/২০২১ এবং সেপ্টেম্বর/২০২১ মাসের পাংশা উপজেলার তুলনামূলক অপরাধ চিত্র পর্যালোচনা করা হয়।

উপজেলার তুলনামূলক অপরাধ চিত্র:

আগস্ট/২০২১ এবং সেপ্টেম্বর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র:

মাসের নাম	খুন	রাহাজানি ও ডাকাতি	চুরি / সিদেল চুরি	দাঙ্গা দস্যুতা	মাদক দ্রব্য	অপহরন	নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ)	অস্ত্র আইন	আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুতবিচার)	চোরচালান	অন্যান্য	মোট
আগস্ট/ ২০২১	-	-	-	-	-	-	২	-	১	-	-	০৩
সেপ্টেম্বর/২০২১	-	২	-	-	-	-	২	-	-	-	-	০৪
হ্রাস/ বৃদ্ধি	-	-	-	-	-	-	-	-	-	-	-	বৃদ্ধি

সভায় উপস্থাপিত তুলনামূলক অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, পাংশা উপজেলায় আগস্ট/২০২১ মাসে বিভিন্ন অপরাধে মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৩ টি এবং সেপ্টেম্বর/২০২১ মাসে বিভিন্ন অপরাধে দায়েরকৃত মোট মামলার সংখ্যা ৪ টি। অতঃপর আইন-শৃঙ্খলা বিষয়ে বক্তব্য প্রদানের জন্য সকলের প্রতি আহবান জানান। আইন-শৃঙ্খলা বিষয়ে বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	আলোচক	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	জনাব মোক্তার হোসেন, সাংবাদিক, প্রেসক্লাব পাংশা, রাজবাড়ী।	জনাব মোক্তার হোসেন, সাংবাদিক, পাংশা জানান ২৩ সেপ্টেম্বর জজ আলী বিশ্বাসসহ অনেকে কারাগারে আটক ছিলেন ষড়যন্ত্রমূলক মামলা হতে অব্যহতি পাওয়ার বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। সুষ্ঠু তদন্তপূর্বক রহস্য উদঘাটনের অনুরোধ জানান।	আফিসার- ইন- চার্জ, পাংশা মডেল থানাকে অনুরোধ জানানো হয়।	আফিসার- ইন- চার্জ, পাংশা মডেল থানা, পাংশা
০২	জনাব মাসুদ রেজা শিশির সাংবাদিক, প্রেসক্লাব, পাংশা, রাজবাড়ী।	জনাব মাসুদ রেজা শিশির, সাংবাদিক, পাংশা প্রেসক্লাব, জানান পাংশা পৌর এলাকায় মোটরসাইকেল চুরি বৃদ্ধি পেয়েছে। মোটরসাইকেল উদ্ধার হয়েছে কিনা জানা যায়নি। উপজেলা ক্রীড়া সংস্থার ঘরটি সংস্কার এর অভাবে জুরাজীর্ণ অবস্থায় আছে। ঘরটি সংস্কারের অনুরোধ জানান।	মোটর সাইকেল উদ্ধার বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য আফিসার-ইন- চার্জ, পাংশা থানা, পাংশাকে অনুরোধ করা হয়।	আফিসার- ইন- চার্জ, পাংশা মডেল থানা, পাংশা
০৩	জনাব এস.এম রাসেল কবিব, সাংবাদিক, পাংশা প্রেসক্লাব, রাজবাড়ী।	জনাব এস.এম রাসেল কবিব, সাংবাদিক, পাংশা জানান। পাংশা এলাকায় এ্যাম্বুলেন্স সিডিকেট তৈরী হয়েছে। তাদের দৌরাত্ন কমানোর অনুরোধ জানান।	আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য আফিসার- ইন- চার্জ, পাংশা মডেল	আফিসার- ইন- চার্জ, পাংশা মডেল থানা,

মাননীয় উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুল হাকিম, জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ সভায় সংযুক্ত হতে পেরে কৃতজ্ঞতা প্রকাশ করেন। আইন-শৃংখলা রক্ষায় আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জানান। ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মাসুদুর রহমানের কর্মকান্ডের প্রশংসা করেন। অবৈধ অস্ত্র উদ্ধারের জন্য অনুরোধ জানান। মোটর সাইকেল চুরির সিডিকেট আছে তাদের দমন করতে হবে। অস্ত্র নিয়ন্ত্রণে কঠোর হতে হবে। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সজাগ থাকার আহবান জানান। আইন-শৃংখলা রক্ষায় সরকার বদ্ধ পরিকর। যানজট নিরসনে স্ট্যান্ড নির্মাণের জন্য মেয়র, পাংশা পৌরসভাকে অনুরোধ জানান।

অফিসার ইন চার্জ, পাংশা মডেল থানার প্রতিনিধি জানান আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আইন-শৃংখলা রক্ষায় সর্বাত্মক চেষ্টা অব্যাহত আছে এবং অস্ত্র উদ্ধার অভিযান চলছে। অপরাধীদের গ্রেফতারে প্রচেষ্টা অব্যাহত আছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি সকলের সহযোগিতা নিয়ে পূজা ও ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করণে সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি মহোদয় আইন-শৃংখলা কমিটির সদস্যদের সভায় উপস্থিত হওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। আইন-শৃংখলা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, পাংশা মডেল থানাকে অনুরোধ জানান। এছাড়া নারী ও শিশু নির্যাতন, জঙ্গিবাদী কার্যক্রম, মাদক বিক্রয় ও সেবনকারীদের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ পাংশা মডেল থানাকে অনুরোধ করা হয়।।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

*M.A.*  
26/1/23

(মোহাম্মাদ আলী)

উপজেলা নির্বাহী অফিসার

পাংশা, রাজবাড়ী।

মোবাঃ নং- ০১৭৩৩৩৩৩৬৪০৫

e-mail: unopangsa@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৮২৭২.০০২.১০.১০০.১৮-১৫৭ (৫০)

তারিখঃ ২৩.০৯.২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
  - ২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
  - ৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
  - ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
  - ৫। মেয়র, পাংশা পৌরসভা, পাংশা, রাজবাড়ী।
  - ৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- অবগতি ও কার্যার্থেঃ
- ১। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
  - ২। উপজেলা ..... অফিসার, পাংশা, রাজবাড়ী।
  - ৩। জনাব .....

*M.A.*  
26/1/23

উপজেলা নির্বাহী অফিসার

পাংশা, রাজবাড়ী।